গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

সরকারি হাসপাতাল ও প্রতিষ্ঠানসমূহে ব্যবহারের জন্য মেডিকেল যন্ত্রপাতির স্পেসিফিকেশন ও মূল্য তালিকা নির্ধারণ সংক্রান্ত
সভার কার্যবিবরণী

সভাপতি	:	জনাব জাহিদ মালেক প্রতিমন্ত্রী স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সভার স্থান	:	মিনি সম্মেলন কক্ষ, ভবন নং ৩- কক্ষ নং ৩৩৮, ৪র্থ তলা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
সভার তারিখ	:	০৫-০৭-২০১৭ খ্রিঃ
সভার সময়	:	বেলা-১২.০০ ঘটিকা

উপস্থিতি তালিকাঃ

১। অধ্যাপক (ডাঃ) আবুল কালাম আজাদ, মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। জাকিয়া সুলতানা, যুগ্মসচিব (স্বাস্থ্য ব্যবস্থাপনা ও মনিটরিং) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩। অধ্যাপক (ডাঃ) মোঃ মিজানুর রহমান, বিভাগীয় প্রধান (রেডিওলজি), ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা।
৪। ব্রিগে: জেনারেল পারভেজ কবির, পরিচালক, সিএমএসডি, তেজগাঁও, ঢাকা।
৫। জনাব রেজানুর রহমান, চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
৬। ড. মোঃ আনোয়ার হোসেন, টেকনিক্যাল ম্যানেজার (রিপেয়ার), নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
৭। রেহানা ইয়াছমিন, উপসচিব (সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৮। ডা: মিজানুর রহমান, সহকারী পরিচালক, সিএমএসডি, তেজগাঁও, ঢাকা।

১.০. আলোচনাঃ

১.১. সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি বলেন, ২০১৭-২০১৮ অর্থ বছরের বাজেট মহান জাতীয় সংসদে পাশ হয়েছে। সরকারি অর্থের যথাযথ ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে বছরের শুরুতেই ক্রয় পরিকল্পনা প্রণয়ন করা প্রয়োজন। এতে করে সরকারি অর্থ ব্যয়ের ক্ষেত্রে স্বচ্ছতা নিশ্চিত করা সম্ভব হবে। এছাড়া বছর জুড়ে বিভিন্ন মেডিকেল কলেজ, হাসপাতাল ও অন্যান্য প্রতিষ্ঠানে ব্যবহারের জন্য মেডিকেল যন্ত্রপাতি ক্রয় করা হয়। একই মেডিকেল যন্ত্রপাতি ক্রয়ের ক্ষেত্রে বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক বিভিন্ন মূল্যমানের কার্যাদেশ প্রদান করা হয়। এ সকল যন্ত্রপাতি ক্রয়ের গুনগতমান ও মূল্যসীমা সমতাকরণের লক্ষ্যে যন্ত্রপাতির মূল্য ও স্পেসিফিকেশন নির্ধারণ করা প্রয়োজন। ফলে সকল প্রকার মেডিকেল যন্ত্রপাতি ক্রয় কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হবে।

১.২ এ প্রসংগে মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর বলেন, মেডিকেল যন্ত্রপাতি ব্যবহারকারী বিশেষজ্ঞ সমন্বয়ে কমিটি গঠন করা হলে মানসম্মত যন্ত্রপাতির একটি সমন্বিত মূল্য তালিকা ও স্পেসিফিকেশন প্রণয়ন করা সম্ভব হবে। উক্ত কমিটি প্রয়োজনে সংশ্লিষ্ট মেশিন সরবরাহকারী প্রতিষ্ঠানসমূহের সাথে আলোচনাক্রমে সিদ্ধান্ত গ্রহণ করবে।

১.৩ যুগ্মসচিব (স্বাস্থ্য ব্যবস্থাপনা ও মনিটরিং), স্বাস্থ্য সেবা বিভাগ বলেন, গুনগতমান সম্পন্ন মেডিকেল যন্ত্রপাতি সংগ্রহ করা হলে উক্ত যন্ত্রপাতি দীর্ঘদিন রোগী সেবায় ব্যবহার করা সম্ভব হবে। এছাড়া সকল ক্রয় কার্যক্রমে স্বচ্ছতা নিশ্চিতকরণের লক্ষ্যে ই-জিপি চালু করা প্রয়োজন। ই-জিপি চালু করার প্রস্তুতি হিসেবে সকল প্রতিষ্ঠানকে সেন্ট্রাল প্রকিউরমেন্ট এন্ড টেকনিক্যাল ইউনিটের নিবন্ধন গ্রহণ করতে হবে।

১.৪ চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি বলেন, যন্ত্রপাতির মূল্য নির্ধারণের ক্ষেত্রে কমপ্রেহেন্সিভ মেইনটেন্যান্স কন্ট্রাক্ট-এর মূল্যসমূহ অন্তর্ভূক্ত করার বিষয়টি বিবেচনা করা প্রয়োজন।

১.৫ সভাপতি বলেন, মানসম্মত যন্ত্রপাতি সংগ্রহের পাশাপাশি সরবরাহ সেবা খাতে প্রাপ্ত বরাদ্দের অধিকাংশ বরাদ্দ অর্থ বছরের শুরুতে ছাড় করা হলে ক্রয় কার্যক্রম যথাযথ উপায়ে পরিবীক্ষণ করা সম্ভব হবে।

২.০ অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

২.১ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগ এবং স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতাধীন সকল অপারেশনাল প্ল্যানে বরাদ্দকৃত অর্থ দ্বারা ২০১৭-২০১৮ অর্থ বছরের জন্য নির্ধারিত সকল ক্রয় কার্যক্রমের ক্রয় পরিকল্পনা প্রণয়ন করতে হবে।

২.২ রাজস্ব খাতে নিজস্ব কোডে প্রাপ্ত বরাদ্দের অর্থ দ্বারা মেডিকেল যন্ত্রপাতির ক্রয় পরিকল্পনা প্রণয়ন করতে হবে।

২.৩ সচিবালয় অংশে রাজস্ব বাজেটে ৪৮৬৮ কোডে প্রাপ্ত বরাদ্দের ৮৫%-৯০% অর্থ বছরের শুরুতেই ছাড় করতে হবে। অবশিষ্ট ১০%-১২% অর্থ বছরের মধ্যবর্তী পর্যায়ে ছাড় করতে হবে। আপদকালীন পরিস্থিতি মোকাবেলার জন্য উক্ত কোডের ৩% অর্থ সংরক্ষণ করা যেতে পারে।

২.৪ অর্থ বছরের ৩য় কোয়ার্টারের মধ্যে বিল পরিশোধসহ সকল ক্রয় কার্যক্রম শেষ করতে হবে।

২.৫ মেডিকেল যন্ত্রপাতি (১০ লক্ষ টাকা বা ততোধিক মূল্যের) এবং এমএসআর সামগ্রীর (মূল উপকরণসমূহের) বাজার দর অনুযায়ী মূল্য তালিকা একমাসের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। মন্ত্রণালয় অনুমোদিত মূল্য তালিকা অনুযায়ী সকল ক্রয় কার্যক্রম সম্পন্ন করতে হবে।

২.৬ মন্ত্রণালয় অনুমোদিত মূল্য তালিকার সাথে সামঞ্জস্য রেখে ২০১৭-২০১৮ অর্থ বছরে সকল যন্ত্রপাতি ও সরবরাহ সেবার ক্রয় কার্যক্রমের প্রাক্কলিত মূল্য(ইউনিট প্রাইস এবং সংখ্যা উল্লেখসহ) নির্ধারণ করতে হবে।

২.৭ হাইটেক যন্ত্রপাতির মূল্য নির্ধারণের ক্ষেত্রে উক্ত যন্ত্রের প্রকৃত মূল্য, প্রশিক্ষণ ব্যয়, রুম রেনোভেশনসহ মেশিন স্থাপন ব্যয়, খুচরা যন্ত্রাংশের মূল্য বিবেচনায় রাখতে হবে।

২.৮ মেডিকেল কলেজ হাসপাতালসমূহে সরবরাহের জন্য এমআরআই মেশিনের ক্যাপাসিটি নির্ধারণ করে দিতে হবে।

২.৯ সরকারি প্রতিষ্ঠানের জন্য হাইটেক যন্ত্রপাতির স্পেসিফিকেশন প্রস্তুত করার ক্ষেত্রে Fragile মেশিনের পরিবর্তে Heavy duty/capacity সম্পন্ন মেশিন ক্রয়ের প্রতি প্রাধান্য দিতে হবে।

২.১০. স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের উভয় বিভাগের আওতাধীন দপ্তর ও প্রতিষ্ঠানসমূহের ক্রয় কার্যক্রমে ই-জিপি বাস্তবায়নের লক্ষ্যে নিম্নোক্ত কমিটি গঠন করা হ'ল:

(ক) অতিরিক্ত সচিব (হাসপাতাল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
(খ) মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর।
(গ) মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
(ঘ) মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর।
(ঙ) মহাপরিচালক, নিপোর্ট।
(চ) প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর।
(ছ) যুগ্মসচিব (স্বাস্থ্য ব্যবস্থাপনা ও মনিটরিং) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (সদস্য সচিব)।
(জ) পরিচালক (হাসপাতাল ও ক্লিনিকসমূহ), স্বাস্থ্য অধিদপ্তর।
(ঝ) লাইন ডাইরেক্টর (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর।
(ঞ) সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

২.১১ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন সকল প্রতিষ্ঠানকে পত্র প্রাপ্তির তিনদিনের মধ্যে সেন্ট্রাল প্রকিউরমেন্ট এন্ড টেকনিক্যাল ইউনিটের নিবন্ধন গ্রহণের নির্দেশনা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(জাহিদ মালেক)
প্রতিমন্ত্রী
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

নং-৪৫.১৫৫.১১৪.০০.০০.০০৬.২০১৫-৬৫৭ তারিখঃ ২৩/০৭/২০১৭ খ্রিঃ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, স্বাস্থ্য শিক্ষা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩। পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল/ইনস্টিটিউট (সকল), ঢাকা।
৪। পরিচালক, সিএমএসডি, তেজগাঁও, ঢাকা।
৫। যুগ্মসচিব (প্রবা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৬। যুগ্ম-প্রধান (পরিকল্পনা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৭। চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।

২৬/৭/২০১৭

(রেহানা ইয়াছমিন)
উপসচিব
ফোনঃ ৯৫৫৬৯৮৯

অনুলিপিঃ

১। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪। সিস্টেম এনালিষ্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। অতিরিক্ত সচিব (হাসপাতাল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৬। যুগ্মসচিব (স্বাস্থ্য ব্যবস্থাপনা ও মনিটরিং) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।